


বাংলাদেশ হাই কমিশন
লন্ডন
প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, ১০ অক্টোবর ২০২১

হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা ও দুর্গোৎসব ২০২১ উপলক্ষে মান্যবর হাইকমিশনার

নিম্নোক্ত শুভেচ্ছা বাণী প্রদান করেছেন



“হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা ও শারদীয় দুর্গোৎসব ২০২১ উপলক্ষে আমি যুক্তরাজ্য ও আয়াল্যাণ্ডে বসবাসকারী হিন্দু সম্প্রদায়ের, বিশেষ করে ব্রিটিশ-বাংলাদেশী আই-বোনদের জানাই শারদীয় দুর্গোৎসবের আন্তরিক শুভেচ্ছা।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন “ধর্ম যার যার, উৎসব সবার”। হিন্দু সম্প্রদায়ের দুর্গাপূজাও তেমনি একটি সার্বজনীন উৎসব। শারদীয় দুর্গোৎসব আমাদের অশুভ শক্তির বিনাশ এবং সত্য ও সুন্দরের বিজয়ের আনন্দে আলোকিত করে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানে সকল ধর্ম, বর্ণ ও মানুষের সমান অধিকার সুনিশ্চিত করেছেন। তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্ব সাম্প্রদায়িক সম্প্রীতির এবং ধর্ম-নিরপেক্ষতার মূল্যবোধের এক অনন্য দৃষ্টান্তে পরিণত হয়েছে।

আমি আশা করি শারদীয় দুর্গোৎসব ২০২১ যুক্তরাজ্যের সকল ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের বন্ধনকে আরও সুসংহত করবে এবং আমাদের ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের ধর্মনিরপেক্ষ ও প্রগতিশীল মূল্যবোধকে সমুন্নত রাখবে।

গত বছর কোভিড মহামারীর মধ্যে প্রয়োজনীয় স্বাস্থ্য নির্দেশিকা বজায় রেখে দুর্গাপূজা উদযাপিত হয়েছিল। এবছর কোভিড সংক্রমণ কমলেও আমি সবাইকে যুক্তরাজ্য সরকারের নির্ধারিত নির্দেশিকা অনুসরণ করে পূজার উৎসব-আনন্দ নিরাপদে উদযাপন করার আহ্বান জানাচ্ছি।

পরিশেষে আমি দুর্গোৎসবের সার্বিক সাফল্য এবং হিন্দু ধর্মালম্বীসহ সকল মানুষের শান্তি, কল্যাণ ও সমৃদ্ধি কামনা করছি।”

মান্যবর হাইকমিশনারের পক্ষে
মিনিস্টার (প্রেস)